প্রতিদিন অন্ততঃ একবার কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইট (www.bteb.gov. bd দেখুন

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ-কৃষি শাখা
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩১৫.১৮.৭২.০০১.১৯-২২ তারিখ ঃ ০৬-০৩-২০১৯খ্রিঃ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ডিপ্লোমা-ইন-এনিম্যাল হেলথ এন্ড প্রোডাকশন (ইন-সার্ভিস মেকআপ কোর্স) শিক্ষাক্রমের ৩য়পর্ব (১১তম ব্যাচ) নিয়মিত পরীক্ষা আগামী ২১ মার্চ ২০১৯ খ্রিঃ রোজ বৃহস্পতিবার হইতে নিম্ন বর্ণিত পরীক্ষা কেন্দ্র/প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হইবে।

ক্রঃনং	প্রতিষ্ঠান কোড	নির্ধারিত পরীক্ষার কেন্দ্র/শিক্ষা প্রতিষ্ঠানের নাম
১	২৯০৩৩	ভেটেরিনারী ট্রেনিং ইনস্টিটিউট, আলমডাংগা, চুয়াডাংগা।
২	৫৭২১৯	ভেটেরিনারী ট্রেনিং ইনস্টিটিউট, ময়মনসিংহ ।

পরীক্ষার সময়সূচি যথা সময়ে অল-লাইনে দেওয়া হবে। উক্ত পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হইতে অবগত হওয়া যাইবে।

অত্র বোর্ডের কারিকুলাম বিভাগ হইতে জারিকৃত শিক্ষা বর্ষপঞ্জি ২০১৮-২০১৯ এর আলোকে উক্ত পরীক্ষা আরম্ভের তারিখ নির্ধারণপূর্বক এতদসংগে পরীক্ষার্থীদের এন্ট্রি ফরম গ্রহন, জমা, পরীক্ষা ও অন্যান্য ফিসমুহের হার, শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক এন্ট্রি ফরম প্রেরণের নিয়মাবলী এবং অন্যান্য শর্তাবলী আপনার অবগতির জন্য নিম্নে প্রদত্ত হইল এবং উহা যথাযথ অনুসরণ ও প্রতিপালনের জন্য অনুরোধ জানানো হইল।

১। পরীক্ষার্থীদের নিকট হইতে আদায়কৃত ফিসমূহের হার ঃ

১.১ সকল পরীক্ষার্থীদের নিকট হতে নিম্নোক্ত হারে পরীক্ষার ফি আদায় করিতে হইবে ঃ

ক্রঃনং	বিবরণ	পরীক্ষার ফি	নম্বর পত্র ফি	সনদ পত্র ফি	কেন্দ্র ফি	কেন্দ্রের অংশ	বোর্ডের অংশ
১	৩য় পর্ব (১১তম ব্যাচ) নিয়মিত	৪০০/-	৭৫/-		৪৫০/-	৪৫০/-	৪৭৫/- প্রতিজন
২	বিলম্ব/সংযোগ রক্ষাকারী ফি প্রতি পরীক্ষার্থীদের জন্য (যদি থাকে)	-	-		-	-	৩০০/- (যদি থাকে)
৩	প্রতিষ্ঠান কর্তৃক বোর্ড ফিস যথা সময়ে জমা দিতে বিলম্ব হলে প্রতিষ্ঠানের জরিমানা	-	-		-	-	২৫০০/- (যদি থাকে)

বিঃদ্রঃ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার বোর্ড নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি আদায় করিলে আইনুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২। পরীক্ষার এন্ট্রি ফরম পুরনের নিয়মাবলী ঃ

২.১ এন্ট্রি ফরম এর নির্ধারিত স্থানে প্রতিষ্ঠানের নাম, নিজের নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ, স্থায়ী ঠিকানা সঠিকভাবে লিখিতে হইবে এবং শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও পরীক্ষা আরম্ভ হওয়ার তারিখ পুরণ করিতে হইবে। এন্ট্রি ফরমের নির্ধারিত স্থানে ইংরেজীতে (বড় অক্ষরে) নাম লিখিতে হইবে।

২.৩ পরীক্ষার্থীকে এন্ট্রি ফরমের নির্ধারিত স্থানে তার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও সেশন সঠিক ভাবে লিখিতে হইবে।

২.৪ প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত দুইকপি পাসপোর্ট সাইজের ছবি এন্ট্রিফরমের নির্ধারিত স্থানে সংযোজন করিতে হইবে।

২.৫ পরীক্ষার্থীকে এন্ট্রি ফরমের নির্ধারিত স্থানে দেয় সকল বিষয়ের নাম লিখিতে হইবে।

২.৬ পরীক্ষার্থী কর্তৃক পুরণকৃত প্রতিটি এন্ট্রি ফরমের নির্ধারিত স্থানে প্রতিষ্ঠানের প্রধান স্বাক্ষর করিবেন। প্রতিষ্ঠান প্রধানএন্ট্রি ফরমে স্বাক্ষর করার পূর্বে পরীক্ষার্থীর সকল তথ্য সঠিক আছে কিনা তাহা যাচাই বাছাই করে স্বাক্ষর করিবেন । প্রতিষ্ঠান প্রধান এর স্বাক্ষর ব্যতিত এন্ট্রি ফরম এবং ব্যাংক ড্রাফট গ্রহণ করা হইবে না । এন্ট্রি ফরমে কোন ভুল তথ্য অথবা অসম্পূর্ণ তথ্য থাকিলে এবং এর জন্য ফলাফল প্রকাশে ব্যাঘাত ঘটিলে তার জন্য বোর্ড দায়ী থাকিবে না ।

৩। <u>শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক এন্ট্রি ফরম ও ফি - সমূহ বোর্ডে প্রেরণ পদ্ধতি</u> ঃ

৩.১ **পরীক্ষার ফি, শিক্ষা সপ্তাহ ফি , সার্ভিস চার্জ, নম্বরপত্র ফি ও বিবিধ ফি - বাবদ আদায়কৃত বোর্ডের প্রাপ্য সমুদয় অর্থ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি সহ সমুদয় অর্থ** সোনালী ব্যাংক/সোস্যাল ইসলামী ব্যাংকের যে কোন শাখা হতে <u>সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকূলে নির্ধারিত তারিখে ব্যাংক ড্রাফট করিতে হবে এবং বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বিভাগ কৃষি/টেক্সঃ শাখা (৬ষ্ঠ তলা) কর্তৃক যাচাইপূর্বক হিসাব শাখায় নির্ধারিত তারিখে জমা দিতে হবে</u>।

৩.২ পরীক্ষার্থীদের এন্ট্রি ফরম, পরীক্ষার ফি ও অন্যান্য ফি - বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল শিক্ষকের মাধ্যমে (পরীক্ষা কাজে সংশ্লিষ্ট) "ছকে" বর্ণিত নির্ধারিত তারিখের মধ্যে অবশ্যই অত্র বোর্ডে পৌঁছাইতে হইবে। তবে সংশ্লিষ্ট শিক্ষকের ভ্রমণ সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য।

৩.৩ কেন্দ্র ফিবাবদ আদায়কৃত অর্থ কেন্দ্রে পরীক্ষা সংক্রান্ত কাজে ব্যয় করিবেন।

৩.৪ বোর্ড হইতে এন্ট্রি ফরম গ্রহণ, ফিসহ এন্ট্রি ফরম জমা প্রদান, বোর্ড হইতে প্রবেশপত্র, উত্তরপত্র/পরীক্ষার কাগজপত্র গ্রহণ ইত্যাদি নিম্নোক্ত **"ছক"** মোতাবেক করিতে হইবে। কোন অবস্থাতেই ছকে বর্ণিত তারিখ ব্যতিত পরীক্ষার্থীদের এন্ট্রি ফরম ও ব্যাংক ড্রাফট গ্রহণ করা হইবে না। যদি ইহার ব্যতিক্রম পরিলক্ষিত হয় তাহা হইলে বিলম্ব ফি ছাড়াও প্রতিষ্ঠান প্রধানের উপর জরিমানা ধার্য্যসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হইবে যাহার জন্য প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকিবেন।

এন্ট্রি ফরম শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক গ্রহনের তারিখ	শিক্ষা প্রতিষ্ঠানে বিলম্ব ফি ছাড়া ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার তারিখ	শিক্ষা প্রতিষ্ঠানে বিলম্ব ফিসহ (৩০০/=হারে) ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার তারিখ	অত্র বোর্ডে সকল ব্যাংক ড্রাফট ও সংশোধিত এন্ট্রি ফরম জমা গ্রহনের শেষ তারিখ	নির্ধারিত তারিখের (১২/০৩/১৯) পর প্রতিষ্ঠান কর্তৃক ২৫০০/- টাকা জরিমানা সাপেক্ষে "ব্যাংক ড্রাফট ও প্রিন্ট আউট কপি" ১৩-০৩-১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত গ্রহণ করা হইবে। এর পর কোন অবস্থাতেই আর গ্রহণ করা হইবে না	অত্র বোর্ড হতে প্রবেশপত্র এবং পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র হাতে হাতে গ্রহন ও প্রবেশপত্র সংশোধনের শেষ তারিখ
০৩/০৩/১৯ খ্রিঃ	১০/০৩/১৯ খ্রিঃ পর্যন্ত	১১/০৩/১৯ খ্রিঃ	১২/০৩/১৯ খ্রিঃ		১৩/০৩/২০১৯ খ্রিঃ

৩.৫ উপরে **"ছকে"** বর্ণিত তারিখের মধ্যে ছাত্র/ ছাত্রীদের নিকট হতে আদায়কৃত সমুদয় অর্থের ব্যাংক ড্রাফট করিতে হইবে এবং উক্ত তারিখের পরে কোন পরীক্ষার্থীর ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করা হইলে তাহা গ্রহনযোগ্য হইবে না ।

৩.৬ নির্ধারিত তারিখে ব্যাংক ড্রাফট করে সময়মত বোর্ডে জমা দিতে ব্যর্থ হলে ২৫০০/-(দুই হাজার পাঁচশত) টাকা জরিমানাসহ **"ছকে"** বর্ণিত তারিখ পর্যন্ত জমা দেওয়া যাইবে ।

৩.৭ পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ অত্র অফিসের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর যোগাযোগ করিতে হইবে।

৩.৮ পরীক্ষার প্রবেশ পত্র, পরীক্ষার উত্তর পত্র, হাজিরা সিট, ড্যাচ প্যাচ ফরম ও অন্যান্য প্রয়োজনীয় কাগজ পত্র সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি), বরাবর প্রেরনের ব্যবস্থা করবেন।

৩.৯ প্রবেশপত্র গ্রহনের সময় প্রবেশপত্রের সংখ্যা সঠিক আছে কিনা তা দেখিয়া লইতে হইবে । প্রবেশপত্রে নাম, পিতার নাম, সেশন, রেজিঃ নম্বর, রোল নম্বর সঠিক আছে কিনা তা ভালভাবে পরীক্ষা করিতে হইবে । প্রবেশপত্রের ভুলের কারনে যদি কোন পরীক্ষার্থীর ফলাফল প্রকাশে ব্যাঘাত সৃষ্টি হয় তার জন্য বোর্ড দায়ী থাকিবে না ।

৩.১০ পরীক্ষার ফি , সার্ভিস চার্জ , নম্বরপত্র, বিবিধ ফি ও শিক্ষা সপ্তাহ ফি সমূহের জন্য একটি ব্যাংক ড্রাফট (বোর্ডের প্রাপ্য) বরাবর, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি ও টেক্সঃ), ৬ষ্ঠ তলা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা-১২০৭ প্রেরনের ব্যবস্থা করিবেন।

পর্ব	নিয়মিত/ অনিমিত	ছাত্র/ছাত্রী দের সংখ্যা	পরীক্ষার ফি	নম্বর পত্র ফি	শিক্ষা সপ্তাহ ফি	বিলম্ব ফি	মোট টাকা	মন্তব্য
৩য় পর্ব	নিয়মিত							

৩.১১ পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ নিম্ন বর্ণিত "ছক" অনুযায়ী হবে।

তারিখ ঃ.......................... বিষয় কোড ঃ .... কেন্দ্র কোড ঃ............... প্রেরক ঃ কেন্দ্র সচিব/ ভারপ্রাপ্ত কর্মকর্তা কেন্দ্রের নাম ঃ উপজেলা ঃ জেলা ঃ	প্রাপক ঃ সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি/টেক্সঃ) ৬ষ্ঠ তলা- কৃষি শাখা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আগাগাঁও, শেরে বাংলা নগর ঢাকা-১২০৭।

বিশেষ শর্তাবলি ঃ

৪.১ যে সকল ছাত্র/ছাত্রী তাত্ত্বিক ধারাবাহিক ও ব্যবহারিক ধারাবাহিক পরীক্ষায় অকৃতকার্য হইবে তাহারা পরীক্ষায় অংশ গ্রহণ করিতে পারিবে না । এরূপ পরীক্ষার্থীদের ফরম ফিলাপ করা হইলে বোর্ড হইতে প্রবেশপত্র ইস্যু করা হইবেনা এবং ভুলবসত প্রবেশপত্র ইস্যু করা হইলেও তাদের পরীক্ষার ফলাফল বাতিল বলে গণ্য হইবে এবং এর জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকিবেন

৪.২ পরীক্ষায় অংশ গ্রহণকারী ছাত্র/ছাত্রীদের তাত্ত্বিক ধারাবাহিক ও ব্যবহারিক ধারাবাহিক পরীক্ষার নম্বর (চার কলাম বিশিষ্ট) মার্কসিট ফরমে বিষয়ভিত্তিক রোল নম্বরের ক্রমানুসারে লিখিয়া এন্ট্রি ফরম ও ব্যাংক ড্রাফট জমা দেওয়ার সময় অবশ্যই বোর্ডে জমা দিতে হইবে নতুবা প্রবেশপত্র প্রদান করা হইবে না ।

৪.৩ এন্ট্রি ফরম বোর্ডে জমা দেওয়ার সময় কোর্স যথাযথভাবে সম্পন্ন হইয়াছে এবং প্রবিধান অনুযায়ী 'ছাত্র/ছাত্রীদের ৮০% হাজিরা আছে মর্মে অধ্যক্ষের প্রত্যয়নপত্র দিতে হইবে তাছাড়া পরীক্ষার্থীর প্রতিষ্ঠানে প্রশিক্ষন গ্রহনের রেকর্ড হিসাবে ছাত্রদের হাজির খাতা বোর্ডে জমা দিতে হইবে।

৪.৪ ফলাফল সংক্রান্ত যে কোন আপত্তি/মন্তব্য থাকলে তা ফলাফল প্রকাশের ১০ (দশ) দিনের মধ্যে লিখিত ভাবে বোর্ডে কৃষি শাখায় (৬ষ্ঠতলা) অবহিত করিতে হইবে। **(উত্তর পত্তের প্যাকেট এর কাপড় অবশ্যই সবুজ কালার/রং এর হইতে হইবে)**

স্বাঃ/-
(ড. প্রকৌঃ সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯১১৩২৮৩ (অফিস)

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩১৫.১৮.৭২.০০১.১৯-২২(১৯) **তারিখ ঃ ০৬-০৩-২০১৯খ্রিঃ**

উপরোক্ত বিজ্ঞপ্তির প্রতিলিপি নিম্নোক্ত কর্মকর্তাগণের অবগতি ও যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল ঃ

১। মহা-পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকা।
২। পরিচালক (গবেষণা ও প্রশিক্ষন), প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকা।
৩-৫। সচিব/পরিচালক(কারিকুলাম)/ পরিচালক(শিল্প ও প্রশিক্ষণ সমন্বয়)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬-৮। জেলা প্রশাসক, ময়মনসিংহ /চুয়াডাংগা।
১০-১২। অধ্যক্ষ, ভেটেরিনারি ট্রেনিং ইন্সটিটিউট, ময়মনসিংহ/আলমডাংগা, চুয়াডাংগা।
১৩-১৪। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(গোপনীয়)/কারিকুলাম বিশেষজ্ঞ (কৃষি) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা করার জন্য আপনাকে অনুরোধ করা হ'ল)
১৬। প্রেসম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৭। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৮। অত্র অফিসের নোটিশ বোর্ড।
১৯। দপ্তর নথি।



(মোহাম্মদ আলী মিয়া)
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক(কৃষি ও টেক্সঃ)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ০২-৪৮১১০৯৪৯

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

প্রতিদিন অন্তঃত একবার আপনার প্রতিষ্ঠানের ই-মেইল ওপেন করবন।	পরীক্ষা নিয়ন্ত্রক বিভাগ(কৃষি/টেক্স) আগারগাঁও, শেরেবাংলা নগর ঢাকা-১২০৭।	প্রতিদিন অন্তঃত একবার কারিগরি শিৰা বোর্ডের ওয়েব সাইট (**www.bteb.gov.bd**) ভিজিট করুন।

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩১৫.১৮.২৩.০০১.১৯-২৩ **তারিখ ঃ ০৬-০৩-২০১৯ খ্রিঃ**

ডিপ্লোমা-ইন- এ্যানিমেল হেলথ এন্ড প্রডাকশন (ইন-সার্ভিস মেকআপ কোর্স) এর
৩য় পর্ব (১১ম ব্যাচ) নিয়মিত/অনিয়মিত বোর্ড সমাপনী পরীক্ষার সময়সূচি

লিখিত পরীক্ষা ঃ

তারিখ	বার	সময়	বিষয়ের নাম	পর্ব
২১-০৩-২০১৯	বৃহস্পতিবার	সকাল ১০ টা হতে	Agricultural Extension	৩য়
২৫-০৩-২০১৯	সোমবার	ঐ	General Breeding and Artificial insemination	৩য়
০৮-০৪-২০১৯	সোমবার	ঐ	General Medicine	৩য়
১১-০৪-২০১৯	বৃহস্পতিবার	ঐ	Preventive Medicine	৩য়
১৬-০৪-২০১৯	মঙ্গলবার	ঐ	General Animal science	৩য়
১৮-০৪-২০১৯	বৃহস্পতিবার	ঐ	Pharmacology and therapeutics-2	৩য়
২২-০৪-২০১৯	সোমবার	ঐ	Gross and Systemic Anatomy-2	৩য়

বিঃ দ্রঃ

(ক) ব্যবহারিক পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে জেলা পশু সম্পদ কর্মকর্তার তত্ত্বাবধানে অনুষ্ঠিত হইবে ।

(খ) তাত্ত্বিক পরীক্ষা সমাপ্ত হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে ব্যবহারিক পরীক্ষার কাজ সম্পন্ন করে ব্যবহারিক পরীক্ষার নম্বর হাতে হাতে/ডাকযোগে বোর্ডে প্রেরণ করতে হবে ।

(গ) সময়সূচীতে বর্ণিত উপর্যুক্ত তারিখে ঘটনাক্রমে কোন সাধারণ ছুটি ঘোষিত হলেও পরীক্ষা যথারীতি চলিবে।

(ঘ) পরীক্ষার দিন পরীক্ষা সমাপ্তির সাথে সাথে ৩য় পর্বের বোর্ড সমাপনী নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের উত্তরপত্রসমূহ প্যাকেট করে এক প্যাকেটে সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি) বরাবর বোর্ডে প্রেরণ করতে হবে। (প্যাকেটের মোড়কের কাপড় অবশ্যই সবুজ রঙ্গের হতে হবে।) কোন উত্তরপত্র পরীক্ষার পরের দিন প্রেরণ করা যাবে না।

স্বাঃ/-
(ড. প্রকৌঃ সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯১১৩২৮৩ (অফিস)

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩১৫.১৮.২৩.০০১.১৯-২৩(১৯) **তারিখ ঃ০৬-০৩-২০১৯ খ্রিঃ**

সদয় অবগতি ও যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল ঃ

১। মহা-পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকা।
২। পরিচালক (গবেষণা ও প্রশিক্ষন), প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকা।
৩-৫। সচিব/পরিচালক(কারিকুলাম)/ পরিচালক(শিল্প ও প্রশিক্ষণ সমন্বয়)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬-৮। জেলা প্রশাসক, ময়মনসিংহ /চুয়াডাংগা।
১০-১২। অধ্যক্ষ, ভেটেরিনারি ট্রেনিং ইনস্টিটিউট, ময়মনসিংহ/আলমডাংগা, চুয়াডাংগা।
১৩-১৪। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(গোপনীয়)/কারিকুলাম বিশেষজ্ঞ (কৃষি) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা করার জন্য আপনাকে অনুরোধ করা হ'ল)
১৬। প্রেসম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৭। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৮। অত্র অফিসের নোটিশ বোর্ড।
১৯। দপ্তর নথি।



(মোহাম্মদ আলী মিয়া)
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক(কৃষি ও টেক্সঃ)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ০২-৪৮১১০৯৪৯

G:\7.3.19\Routine- for_March_2019.doc